# ফির্‌কাহ নাজিয়া

বিভাগ/অধ্যায়ঃ কতিপয় জাল হাদীসের নমুনা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কতিপয় জাল হাদীসের নমুনা

১। “আল্লাহ তাঁর নিজ নুর (জ্যোতির) এক মুষ্ঠি ধারণ করে তার উদ্দেশ্যে বলেন, “তুমি মুহাম্মাদ হয়ে যাও।” (জাল)

২। “আল্লাহ প্রথম যা সৃষ্টি করেন তা হল তোমার নবীর নুর, হে জাবের!” (গড়া বা জাল)

৩। “তোমরা আমার মর্যাদার অসীলায় (করে দুআ) কর।” (ভিত্তিহীন)

৪। “যে ব্যক্তি হজ্জ করল, অথচ আমার (কবর) যিয়ারত করল না সে আমার প্রতি দুর্ব্যবহার করল।” (হাফেয যাহাবী এটিকে জাল বলেছেন।)

৫। “মসজিদে কথাবার্তা বলা নেকী (পুণ্য) খেয়ে ফেলে যেমন আগুন ইন্ধন খেয়ে (ধ্বংস করে) ফেলে।” (হাফেয ইরাকী বলেন, 'ভিত্তিহীন।)

৬। “আমার অবস্থা সম্বন্ধে তার জ্ঞান আমার যাচনা থেকে যথেষ্ট করবে।” (ইবনে তাইমিয়্যাহ বলেন, গড়া।)

৭। “স্বদেশপ্রেম ঈমানের অংশ বিশেষ।” (জাল, যেমন আসফাহানী বলেন।)

৮। “তোমরা বৃদ্ধাদের দ্বীন অবলম্বন কর।” (জাল, ভিত্তিহীন।)

৯। “যে নিজেকে চিনেছে সে তার প্রভুকে চিনেছে।” (ভিত্তিহীন)

১০। “আমি গুপ্ত ধন-ভান্ডার ছিলাম।” (ভিত্তিহীন)।

১১। “আদম যখন ত্রুটি করে বসলেন তখন তিনি বললেন, হে প্রতিপালক! আমি মুহাম্মাদের অসীলায় প্রার্থনা করছি আমাকে ক্ষমা করে দাও----।” (জাল)

১২। “আলেমগণ ব্যতীত সমূহ মানুষ মৃত, এবং আমলকারীগণ ব্যতীত সমস্ত আলেম সর্বনাশগ্রস্ত, এবং মুখলিস (বিশুদ্ধচিত্ত)গণ ব্যতীত সমস্ত আমলকারীগণও জল-নিমজ্জিত। আর মুখলেসগণও বড় বিপদের সম্মুখীন।” (গড়া)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12428

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন